

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VI

সময় : ৩ ঘণ্টা

পুর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- (ক) স্বরলোপ কাকে বলে? অন্ত্যস্বরলোপের একটি দৃষ্টান্ত দাও।
- (খ) সহধ্বনি (allophone) কাকে বলে? উদাহরণ দাও।
- (গ) উদাহরণসহ যৌগিক স্বর বুঝিয়ে দাও।
- (ঘ) বাংলা স্বরধ্বনিতে নিম্নাবস্থিত স্বর কাকে বলে দৃষ্টান্ত সহযোগে লেখো।
- (ঙ) উচ্চারণ দ্রুতির ফলে যে প্রকার ধ্বনি পরিবর্তন হয় তা দৃষ্টান্ত দিয়ে বোঝাও।
- (চ) বাক্যশব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ছ) বাংলা ভাষার সাধুরীতি এবং চলিতরীতিতে সর্বনাম ব্যবহারের পার্থক্য উদাহরণসহ লেখো।
- (জ) আদর্শ কথ্যভাষা কখন শিষ্টজনসম্মত রূপ লাভ করে? বাংলা ভাষার আদর্শ কথ্য ভাষায় কোন উপভাষা-ছাঁদটি ব্যবহৃত হয়ে থাকে?
- (ঝ) মহোৎসব > মোছব— শব্দার্থ পরিবর্তনের কোন রীতি অনুসৃত হয়েছে বুঝিয়ে দাও।
- (ঞ) যমজ শব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ট) বাংলা ভাষার আদি-মধ্য যুগের কালসীমা নির্দেশ করো। ঐ সময়ের বাংলা ভাষার নির্দেশন পাওয়া যায়, এমন একটি গ্রন্থের নাম লেখো।
- (ঠ) সমাপিকা ক্রিয়া কাকে বলে? সমাপিকা ক্রিয়া কর্তার আগে ব্যবহৃত হয়েছে এমন একটি বাক্য লেখো।
- (ড) বঙ্গলী উপভাষায় [স]- ধ্বনির কী প্রকার উচ্চারণ হয়? ঐ উপভাষায় ও > উ-কার রূপান্তর ঘটেছে এমন একটি দৃষ্টান্ত দাও।
- (ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার সম্ভাব্য কালসীমা নির্দেশ করো।
- (ণ) বাংলা ভাষায় ব্যবহৃত হয় এমন চারটি প্রাদেশিক শব্দের দৃষ্টান্ত দাও (উৎস ভাষাসহ)।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$5 \times 4 = 20$

- (ক) বাংলা ভাষার সাধুবীতি ও চলিত রীতির মধ্যে যে কোনো পাঁচটি পার্থক্য লেখো।
- (খ) বাড়খণ্ডী উপভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণসহ লেখো।
- (গ) প্রাচীন বাংলার শুরুত্বপূর্ণ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (ঘ) শব্দার্থ পরিবর্তনের নিম্নলিখিত রূপ দুটি নিয়ে আলোচনা করো – অর্থসংক্রম, অর্থসংকোচ
- (ঙ) উচ্চারণ প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধনিগুলি শ্রেণিবদ্ধ করো।
- (চ) স্বরাগম বলতে কী বোঝো? বাংলা শব্দের আদি, মধ্য ও অন্ত্য স্বরাগম বিষয়ে আলোচনা করো।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$10 \times 2 = 20$

- (ক) বাংলা ভাষার আদি-মধ্যযুগের ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি উদাহরণযোগে আলোচনা করো।
 - (খ) বাংলা ভাষার শব্দভাণ্ডার সম্পর্কে আলোচনা করো।
 - (গ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ লেখো।
 - (ঘ) বাংলা ভাষার উষ্টবের ইতিহাসটি সংক্ষেপে লেখো।
-